সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৯১ তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি)-এ মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুসরণপূর্বক সরকারের ভিশন-২০৪১ 'উন্নত বাংলাদেশ বিনির্মাণ'-এ সহায়ক হিসেবে কমিশনের ভিশন 'স্বয়ংক্রিয়, টেকসই ও উন্নত পুঁজিবাজার' বিনির্মাণে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৩-২৪ স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এসময় কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং সকল নির্বাহী পরিচালকের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৩-২৪ স্বাক্ষরিত হয়। এছাড়াও প্রথমবারের মত ঢাকা স্টক এক্সচেঞ্জ(ডিএসই), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ(সিএসই) ও 'বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস(বিএএসএম) এর নির্বাহী প্রধানদের সাথেও কমিশনের চেয়ারম্যান মহোদয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৩-২৪ স্বাক্ষরিত হয়েছে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে কমিশনের চেয়ারম্যান, সকল কমিশনার, সকল নির্বাহী পরিচালক, ডিএসই'র ব্যবস্থাপনা পরিচালক, সিএসই'র ব্যবস্থাপনা পরিচালক ও বিএএসএম এর মহাপরিচালক ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং এপিএ কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র




সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd